

19

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 14 APR-1994 ...

পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৫ ...

**চট্টগ্রাম ভাসিটিতে
বর্ধিত ফি আদায়
বন্ধের দাবী**

চট্টগ্রাম অফিস ॥ ছাত্রদলের
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় নেতৃবৃন্দ
এবং চাকসুতে ছাত্রদল নেতৃবৃন্দ
এক যুক্ত বিবৃতিতে অবিলম্বে বিশ্ব
বিদ্যালয়ে বর্ধিত ফি আদায় বন্ধের
দাবী জানান ৷ নেতৃবৃন্দ বিবৃতিতে
(৪র্থ পৃ: প্র:)

চট্টগ্রাম ভাসিটি

(৩য় পৃ: পর)

বলেন, হঠাৎ করিয়া পরীক্ষা ফি,
সার্টিফিকেট ফি বাবদ দ্বিগুণ,
তিনগুণ অর্থ গ্রহণের দরুন ছাত্র
ছাত্রীদের পরিবারের উপর ব্যাপক
চাপ সৃষ্টি হইয়াছে। নেতৃবৃন্দ
বলেন, ইতিপূর্বে ছাত্রদল, চাকসু-
সহ বিভিন্ন ছাত্র সংগঠন সমন্বয়ে
বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ফি'র
ব্যাপারে কমিটি গঠন করা হয়।
উক্ত কমিটি বিভিন্ন বিশ্ববিদ্যালয়
পরিদর্শন করিয়া বর্ধিত ফি আদায়
কোন অবস্থাতেই যুক্তিসঙ্গত নয়
বলিয়া রিপোর্ট দিয়াছে। কমিটির
রিপোর্টকে পাশ কাটাইয়া বর্ধিত
ফি গ্রহণ সম্পূর্ণ অযৌক্তিক।